

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৬১.১৮-৩০২

তারিখ: ১২.১২.২০১৮ খ্রি.

বিষয়: কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন বরাইকান্দি বাজার দারুচ্ছুমাহ দাখিল মাদ্রাসার সহকারী সুপারিনটেনডেন্ট এর বকেয়া বেতন-ভাতার সরকারি অংশের প্রাপ্যতা যাচাই করে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) জেশিঅ/কুড়ি/২০১৮/১৫৬৮

তারিখ: ২৯.১১.২০১৮ খ্রি.

(২) বরাইকান্দি বাজার দারুচ্ছুমাহ দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট এর আবেদন


তারিখ: ২৫.১১.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (২) নং পত্রে কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন বরাইকান্দি বাজার দারুচ্ছুমাহ দাখিল মাদ্রাসার সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোঃ আব্দুর রাজ্জাক আকন্দ এর ০১/০৯/২০১৪ খ্রি. থেকে ১৮/০২/২০১৬ খ্রি. পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য সুপার কর্তৃক আবেদন করা হয়েছে।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব মোঃ আব্দুর রাজ্জাক আকন্দ ০১/০৯/২০১৪ খ্রি. তারিখে বরাইকান্দি বাজার দারুচ্ছুমাহ দাখিল মাদ্রাসার সহকারী সুপারিনটেনডেন্ট পদে যোগদান করেন এবং নভেম্বর/২০১৬ খ্রি. মাসে অনলাইনে এমপিওভুক্ত হন। এমপিওভুক্তির সময় তিনি বকেয়াসহ ১,৯৩,২১১.০০ (এক লক্ষ তিরানব্বই হাজার দুইশত এগার) টাকা মাত্র প্রদান করা হয়।

০৩. যেহেতু অনলাইন এমপিওভুক্তির আবেদন নিষ্পত্তি সংক্রান্ত তথ্য অত্র অধিদপ্তরে সংরক্ষিত নেই সেহেতু বকেয়া বেতন-ভাতার সরকারি অংশের প্রাপ্যতা যাচাই করা প্রয়োজন।

০৪. এমতাবস্থায়, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন বরাইকান্দি বাজার দারুচ্ছুমাহ দাখিল মাদ্রাসার সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোঃ আব্দুর রাজ্জাক আকন্দ এর ০১/০৯/২০১৪ খ্রি. থেকে ১৮/০২/২০১৬ খ্রি. পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকার প্রাপ্যতা যাচাই করে বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকার হিসাব সুস্পষ্ট মতামতসহ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
12.12.18

(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইল: [adfinance.dme@gmail.com](mailto:adfinance.dme@gmail.com)

জেলা শিক্ষা অফিসার,  
কুড়িগ্রাম।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
- ৪। সুপার, বরাইকান্দি বাজার দারুচ্ছুমাহ দাখিল মাদ্রাসা।
- ৫। অফিস কপি।